সংবাদ

তারিখ 1 JUL 2013
পৃষ্ঠা ... কলাম ...

# সরকার ৭৮ হাজার শিক্ষক নিয়োগ দিয়েছে, প্রক্রিয়াধীন আরও ১৫ হাজার : গণশিক্ষামন্ত্রী

চট্টগ্রাম ব্যুরো

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের শিক্ষার হার শতভাগ করার লক্ষ্যে প্রাথমিক শিক্ষা কার্যক্রমকে সর্বাধিক গুরুত্বের সঙ্গে বিবেচনা করেছেন। এ পর্যন্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে প্রাথমিক শিক্ষাস্তরে ৭৮ হাজার শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে এবং আরও ১৫ হাজার শিক্ষকের নিয়োগ প্রক্রিয়াধীন। বছরের প্রথম দিন শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ শতভাগ ভর্তি নিশ্চিত, ঝরে পড়া রোধ, নিয়মিত উপস্থিত ও ২৩ হাজার স্কুলকে মাল্টিমিডিয়া কার্যক্রমের আওতায় এনে প্রাথমিক শিক্ষা অর্জন থেকে দেশের একটি শিশুও যাতে বঞ্চিত না হয় তার জন্য সরকারের আন্তরিকতার পাশাপাশি মায়েদের কার্যকর ভূমিকা প্রয়োজন। একজন মায়ের সচেতনতাই পারে একটি শিশুর ভবিষ্যৎ গড়তে সরকার প্রাথমিক বিদ্যালয়কে ক্রমান্বয়ে মাধ্যমিক পর্যন্ত উন্নিত করবে এর অংশ হিসেব ইতোমধ্যে কিছু কিছু বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণী চালু হয়েছে।

গত ২৯ জুন মহানগরীর বন্দর থানার আওতাধীন বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়, কিনডার গার্টেন স্কুল ও এবতেদায়ি মাদ্রাসার অভিভাবক, ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, স্কুল পরিচালনা কমিটির সদস্য ও শিক্ষানুরাগীদের উদ্বুদ্ধকরণ কর্মশালায় তিনি এসব কথা বলেন। নগরীর একটি কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত ওই কর্মশালায় সভাপতিত্ব করেন প্রাথমিক শিক্ষা অফিসার নাসরিন সুলতানা। বক্তব্য রাখেন সাবেক কাউন্সিলর ছালেহ আহমদ, নরুল আলম, মো. আসলাম, পতেঙ্গা থানা আওয়ামী লীগের যুগ্ম আহ্বায়ক হারুন উর রশিদ, ৩৯ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল আলম, বাংলাদেশ আওয়ামী যুবলীগ কেন্দ্রীয় কমিটির সদস্য দেবাশীষ পাল দেবু প্রমুখ।